সাধনচন্দ্র মহাবিদ্যালয়

হরিণডাঙা, দক্ষিণ ২৪ পরগনা, ৭৪৩৫০৪

বিএ অনার্স ও জেনারেল অ্যাডমিশন ২০১৯-২০

অনলাইন পোর্টাল খোলার নোটিস-২

২৯-০৬-২০১৯

উচ্চ শিক্ষা দফতরের নোটিফিকেশন (No 994-Edn (CS)/ 10M-95/2014, dated **28.06.2019)** অনুযায়ী ফাঁকা থাকা আসনগুলির জন্য অনলাইনে নতুন করে আবেদন নেওয়া শুরু হল। দফতরের পূর্ব নোটিফিকেশন **(No. 804-Edn(CS)/10M-95/14, dated 13.05.2019, issued by the Department of Higher Education, Govt. of West Bengal (annexed)** অনুযায়ী এই ভর্তি প্রক্রিয়া চলবে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়ম ও শর্ত (CSR/03/18 dated 07.5.2018 for B.A/B.Sc./B.Mus. (Honours/General). অনুযায়ী ছাত্রছাত্রীদের এই স্নাতক কোর্সে (অনার্স ও জেনারেল) ভর্তি নেওয়া হবে। উচ্চ মাধ্যমিক বা সমতূল্য পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারী ছাত্র-ছাত্রীর ১০০ নম্বরের ইংরেজি পত্রেও কৃতকার্য হতে হবে। গোটা ভর্তি প্রক্রিয়াটি অনলাইনে সম্পন্ন হবে। নির্ধারিত সময়ে কলেজ ওয়েবসাই টে **www.sadhanchandramahavidyalaya.org** গিয়ে বিভিন্ন কোর্সে ভর্তির জন্য আবেদন জানাতে পারবে। কলেজ কর্তৃপক্ষের বাইরে অন্য কারও দ্বারা ছাত্রছাত্রীদের প্রভাবিত না হওয়ার অনুরোধ করা হচ্ছে। ছাত্রছাত্রীদের অনুরোধ করা হচ্ছে যে, অ্যাডমিশন পোর্টালে তারা যেন নিজেদের মোবাইল নম্বরটিই প্রদান করে। ভবিষ্যতে ভর্তির সুযোগ পাওয়া ছাত্রছাত্রীদের সঙ্গে আগামী তিন বছর ধরে এই মোবাইল নম্বরেই কলেজ ম্যানেজমেন্টের তরফে পোর্টাল মারফত নানা বিষয়ে যোগাযোগ করা হবে। ভর্তি সংক্রান্ত জরুরি বার্তাও আবেদনকারীর ওই মোবাইল নম্বরেই পাঠানো হবে।

অ্যাডমিশন সময়সূচি ২০১৯-২০ (দ্বিতীয় দফা)

অনলাইনে আবেদন	২৯ জুন - ৪ জুলাই ২০১৯
দ্বিতীয় দফার প্রথম শর্তাধীন মেধা তালিকা	০৫ জুলাই ২০১৯ (বিকেল সাড়ে ৪টের পরে)

আসন সংখ্যা ভর্তি না হওয়া এবং পরবর্তী সরকারি নির্দেশিকা না মেলা অবধি এই অনলাইন ভর্তি প্রক্রিয়া চালু থাকবে। নির্দিষ্ট সময়ে সময়ে মেধা তালিকা প্রকাশিত হতে থাকবে। তাঁর জন্য আবেদনকারীদের নিয়মিত কলেজের ওয়েবসাইটে নজর রাখতে হবে।

কেবলমাত্র নিম্নলিখিত শূন্য আসনগুলির জন্যই আবেদন গ্রাহ্য করা হবে—

কোর্স	অসংরক্ষিত (সাধারণ)	এসসি	এসটি	ওবিসি-এ	ওবিসি-বি
জেনারেল	—	—	১৬	০২	—
বাংলা	—	০৩	০৭	০৮	—
শিক্ষাবিজ্ঞান	—	—	০৩	০২	—
ইংরেজি	—	০৩	০২	০২	—
ইতিহাস	০৬	০৫	০৫	০২	০২
দর্শন	১৫	১৬	০৫	০৭	০৫
রাষ্ট্রবিজ্ঞান	—	০১	০২	—	০১
সংস্কৃত	০১	০৪	০২	০২	—

জরুরি তথ্য

- মেধা অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। ক্লাস শুরু না হওয়া পর্যন্ত আবেদনকারী বা ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের কাউন্সেলিং বা ভেরিফিকেশন সংক্রান্ত কাজের জন্য কলেজে আসার প্রয়োজন নেই।
- মেধা তালিকায় নাম এলে কলেজ কর্তৃপক্ষের তরফে আবেদনকারীদের ই-মেল বা এসএমএস পাঠিয়ে তা জানানো হবে।
- ভর্তির টাকা অনলাইনে বা ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার হরিণডাঙা শাখায় গিয়ে ব্যাঙ্ক চালানের মাধ্যমে জমা করতে হবে।
- অনলাইনে আবেদনের সময় তথ্য ও নথিগুলিকে সঠিক ভাবে আপলোড করতে হবে। ক্লাস শুরু হলে ছাত্রছাত্রীদের সমস্ত নথি যাচাই করা হবে।
- ভর্তি হওয়ার পরে যদি কোনও ছাত্র/ছাত্রীর অনলাইনে প্রদত্ত তথ্য/নথিতে গোলমাল ধরা পড়ে, সে ক্ষেত্রে তার ভর্তি বাতিল করা হবে।

যেহেতু প্রথম ফেজে ভর্তি চলছে সেহেতু, আসন সংখ্যা পরিবর্তন হতে পারে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় নোটিসের জন্য আবেদনকারীদের গোটা ভর্তি প্রক্রিয়া পর্বে কলেজের ওয়েবসাইটে নিয়মিত নযর রাখতে বলা হচ্ছে। এসএমএস বা ই-মেল না পাওয়াকে নির্দিষ্ট সময়ে ভর্তি না হতে পারার যুক্তি হিসেবে বিবেচনা করা হবে না।

আবেদনকারী হলেই তার ভর্তি হওয়ার দাবি জানানোর অধিকার থাকবে না। ভর্তি হবে অনলাইনে, মেধার ভিত্তিতে, সংরক্ষণের শর্ত মেনে এবং আসন সংখ্যা অনুযায়ী।

যে সব নথি অনলাইনে আবেদনের সময়ে আপলোড করতে হবে

(১) উচ্চ মাধ্যমিকের (১০+২) মার্কশিট (২০০কেবি-র মধ্যে সাইজ থাকতে হবে)
(২) জন্মতারিখের জন্য মাধ্যমিকের (১০) অ্যাডমিট (২০০কেবি-র মধ্যে সাইজ থাকতে হবে)
(৩) আবেদনকারীর সাম্প্রতিক ছবি (১০০কেবি-র মধ্যে সাইজ থাকতে হবে)
(৪) এসসি/এসটি/ওবিসি/পিডব্লিউডি (যার ক্ষেত্রে যা প্রযোজ্য) সার্টিফিকেট (১০০কেবি-র মধ্যে)

এক কোর্স থেকে অন্য কোর্সে ট্রান্সফার

কলেজেরই একটি কোর্সে ভর্তি হওয়ার পরে, কোনও আবেদনকারী যদি অন্য কোনও কোর্সে ভর্তির সুযোগ পায়, সে ক্ষেত্রে ছাত্র/ছাত্রীটি চাইলে প্রথম কোর্সের ভর্তি বাতিল করে দ্বিতীয় কোর্সে ভর্তি হতে পারবে। তাঁর কিছু শর্ত রয়েছে। সেই শর্ত ছাত্র/ছাত্রীকে পূরণ করতে হবে। এই ভর্তি প্রক্রিয়া ভর্তির নির্দিষ্ট দিনের মধ্যেই সম্পন্ন করতে হবে।

সমস্ত ভর্তিই শর্তাধীন। মেধা তালিকায় নাম আসার পরে আবেদনকারী নির্দিষ্ট দিনে ভর্তির টাকা জমা করে দিলেও তাঁর ভর্তি প্রক্রিয়া পুরোপুরি সম্পন্ন হয়ে গেল বলে ধরা হবে না। উক্ত ছাত/ছাত্রীকে প্রথম সেমেস্টারের ক্লাস শুরুর পরে নির্দিষ্ট দিনের মধ্যে কলেজ কর্তৃপক্ষের কাছে তার যাবতীয় তথ্য ও আসল নথির যাচাই করাতে হবে। আবেদনকারীর তথ্য বা নথিতে কোনও গোলমাল দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ যে কোনও মুহূর্তে তাঁর ভর্তি বাতিল করতে বাধ্য হবে।

নথি ভেরিফিকেশন/রোল নম্বর বরাদ্দ/আই কার্ড প্রদান/কলেজে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন সম্পাদন

ক) ভর্তির টাকা প্রদানের পরে এবং ক্লাস শুরু হলে আবেদনকারীদের কলেজ নির্ধারিত নির্দিষ্ট দিনে নিম্নে উল্লিখিত নথিগুলি নিয়ে ভেরিফিকেশনের জন্য উপস্থিত থাকতে হবে—

- অনলাইন আবেদন ফর্মের প্রিন্টআউট + পেমেন্ট রিসিপ্ট

- উচ্চ মাধ্যমিকের আসল মার্কশিট + এক কপি জেরক্স
- মাধ্যমিকের আসল অ্যাডমিট কার্ড + এক কপি জেরক্স
- এসসি/এসটি/ওবিসি/পিডব্লিউডি (যার ক্ষেত্রে যা প্রযোজ্য) আসল সার্টিফিকেট + এক কপি জেরক্স
- আবেদনকারীর একটি পাসপোর্ট ও একটি স্ট্যাম্প সাইজ সাম্প্রতিক ছবি

খ) নথি যাচাইয়ে উত্তীর্ণ হওয়ার পরে আবেদনকারীদের রোল নম্বর, আই কার্ড ও কলেজ প্রস্পেক্টাস অফিস থেকে সংগ্রহ করে নিতে হবে

গ) এর পরবর্তী ধাপে ছাত্রছাত্রীদের কলিকাতা বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রেশন নেওয়ার গুরুত্বপূর্ণ প্রক্রিয়ায় যুক্ত হতে হবে। বিশ্ববিদ্যালয় নির্ধারিত সময়-পর্বে কর্তৃপক্ষের অনলাইন পোর্টালে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করা হবে। এই রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় উপস্থিত বা সামিল না থাকলে ছাত্র/ছাত্রীটির ভর্তি সম্পূর্ণ বাতিল হয়ে যাবে।

প্রয়োজনীয় তথ্যের জন্য কলেজের হেল্পডেস্ক নম্বর ৯৭৩৪৭৮৬৬৪৫-এ যোগাযোগ করুন।

অনুমত্যানুসারে

অধ্যক্ষ

সাধনচন্দ্র মহাবিদ্যালয়